# HONOURS

540/Beng. SKBU/UG/4th Sem/Beng/HT405/21

# U.G. 4th Semester Examination - 2021

# BENGALI

## Course Code : BBNGSEHT405

## Course Title : আমন্ত্রণ পত্র, প্রাতিষ্ঠানিক চিঠি, প্রতিবেদন, প্রবন্ধ

পূর্ণমান : ৫০ সময় : ২ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

সঠিক উত্তরটি বেছে নিয়ে সমস্ত প্রশ্নের উত্তর দাও: ২×২৫=৫০

১) পত্রের ভাষা কেমন হওয়া উচিত?

ক) সহজ

খ) সরল

গ) বিষয়ানুসারী

ঘ) সবগুলিই ঠিক

২) বিজ্ঞাপনের মূল উদ্দেশ্য

ক) জনগণকে বিস্তারিত জানানো

খ) জনগণকে আকৃষ্ট করা

গ) জনগণকে বিশ্বাসী করা

ঘ) জনগণকে স্বনির্ভর করা

৩) কোন্ পত্র আসলে কোন পত্র নয়?

ক) মানপত্র

খ) আমন্ত্রণ পত্র

গ) প্রেম পত্র

ঘ) ব্যক্তিগত পত্র

[পরের পাতায়]

৪) প্রতিবেদন লেখার ক্ষেত্রে বাঞ্ছনীয় হল -

ক) গুরুগম্ভীর শব্দ ব্যবহার

খ) সহজ ও পরিচিত শব্দ ব্যবহার

গ) আবেগের ব্যবহার

ঘ) বিস্তৃত বিবরণ প্রদান

৫) 'প্রবন্ধ' শব্দের অর্থ কী?

ক) প্রকৃষ্ট বন্ধন

খ) বিশেষ বন্ধন

গ) প্রমাণ বন্ধন

ঘ) প্রকাশিত বন্ধন

৬) পত্র-প্রাপকের ঠিকানা খামের কোন্ পাশে লিখতে হয়?

ক) বামপাশে

খ) ডানপাশে

গ) মাঝে

ঘ) উপরে

৭) আমন্ত্রণ পত্রে অনুষ্ঠানসূচী —

ক) থাকবেই

খ) থাকবে না

গ) ছোট করে থাকবে

ঘ) থাকতে পারে নাও থাকতে পারে

৮) ব্যক্তিগত প্রবন্ধের অপর নাম কী?

ক) তন্ময় প্রবন্ধ

খ) মন্ময় প্রবন্ধ

গ) বস্তুনিষ্ঠ প্রবন্ধ

ঘ) ব্যক্তিগত গদ্য

৯) মার্কেটিং এর গুরুত্বপূর্ণ মাধ্যম হল —

ক) প্রতিবেদন

খ) বিজ্ঞাপন

গ) আমন্ত্রণপত্র

ঘ) মোবাইল ফোন

১০) বিশ্লেষণ করে ব্যাপক পটভূমির আলোকে যে প্রতিবেদন লেখা হয় তার নাম কী?

ক) ব্যাখ্যামূলক

খ) তদন্তমূলক

গ) আলোচনামূলক

ঘ) কোনোটিই নয়

১১) প্রাতিষ্ঠানিক চিঠিপত্রে —

ক) ব্যক্তিগত আদান-প্রদান থাকবে

খ) আবেগ-অনুভূতি থাকবে

গ) প্রাতিষ্ঠানিক আদব-কায়দা মেনে চলা হয়

ঘ) কোনোটিই ঠিক নয়

১২) দুই বন্ধু ব্যাঙ্কের অফিসার। তাদের একজন আরেকজনকে চিঠি লিখে গুরুত্বপূর্ণ তথ্য জানতে চাওয়ার পাশাপাশি শেষ অনুচ্ছেদে লিখেছে তার বিয়ে নিয়ে। এটি কী ধরনের পত্র?

ক) প্রাতিষ্ঠানিক চিঠি

খ) আধা-প্রাতিষ্ঠানিক চিঠি

গ) আমন্ত্রণ পত্র

ঘ) চাকুরিগত পত্র



১৩) 'বর্তমান (ভগবান ছাড়া কাউকে ভয় পায় না)' — এখানে বন্ধনীর মধ্যে থাকা অংশটি কী?

ক) স্লোগান

খ) শিরোনাম

গ) মূল অংশ

ঘ) কোনটিই নয়

১৪) প্রাতিষ্ঠানিক পত্র অন্যান্য পত্রের তুলনায় —

ক) অপেক্ষাকৃত দীর্ঘ

খ) সংক্ষিপ্ত

গ) বেশ ছোট

ঘ) সবগুলিই ঠিক

১৫) প্রবন্ধ যখন ব্যক্তিগত অনুভূতির আলোয় লেখা হয়, তখন সেই রচনাকে বলা হয়

ক) রম্য রচনা

খ) ব্যক্তিগত গদ্য

গ) নিবন্ধ

ঘ) স্মৃতিকথা

১৬) কোন্ ধরনের প্রতিবেদন রচনাতে ঝুঁকি বেশি?

ক) সাধারণ প্রতিবেদনে

খ) ব্যাখ্যামূলক প্রতিবেদনে

গ) তদন্তমূলক প্রতিবেদনে

ঘ) সবগুলিতেই

১৭) বিজ্ঞাপনের ভাষা হবে

ক) অল্পে বিস্তর

খ) চমক সৃষ্টিকারী

গ) চিত্তাকর্ষক

ঘ) সবগুলিই ঠিক

১৮) এখন লোকে চিঠি খুব কম লেখে, কারণ—

ক) হাতে সময় নেই

খ) চিঠির প্রয়োজন কমে গেছে

গ) চিঠির কাজ অন্যভাবে ও হয়ে যায়

ঘ) সবগুলিই ঠিক

১৯) 'গঙ্গার শুশুক বাঁচাতে কমিটি' কী জাতীয় প্রতিবেদনের উদাহরণ?

ক) অর্থনীতি বিষয়ক

খ) তদন্তমূলক

গ) স্বাস্থ্যবিষয়ক

ঘ) পরিবেশ বিষয়ক

২০) নিউজ পেপারে 'পাত্র-পাত্রী' বিজ্ঞাপন কী ধরনের বিজ্ঞাপনের উদাহরণ?

ক) প্রদর্শিত বিজ্ঞাপন

খ) শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন

গ) দুটোই ঠিক

ঘ) কোনটিই নয়

২১) কোন্ ধরনের প্রতিবেদনে আত্মনির্ভরশীলতা গড়ে তুলতে সাহায্য করে?

ক) স্বাস্থ্যবিষয়ক

খ) পরিবেশ বিষয়ক

গ) উন্নয়ন সংক্রান্ত

ঘ) আইন-আদালত সংক্রান্ত

২২) প্রবন্ধ মূলত কয় প্রকার?

ক) দুই প্রকার

খ) তিন প্রকার

গ) চার প্রকার

ঘ) পাঁচ প্রকার



২৩) বিজ্ঞাপন সম্পর্কে কোন্‌টি সত্য?

ক) সব সত্য লেখে

খ) কিছু সত্য থাকে

গ) সত্য আড়াল করে

ঘ) কোনোটাই ঠিক নয়

২৪) নীচের কোন্ বৈশিষ্ট্যটি বিজ্ঞাপনের ক্ষেত্রে প্রযোজ্য?

ক) একঘেঁয়েমিতা বর্জন

খ) নতুনত্ব থাকতে হবে

গ) কঠিন ভাষার ব্যবহার হবে

ঘ) প্রথম দুটি ঠিক

২৫) বস্তুনিষ্ঠ প্রবন্ধ হবে -

ক) পাণ্ডিত্যপূর্ণ

খ) হালকা মেজাজের

গ) আবেগঘন

ঘ) তথ্যসমৃদ্ধ ও যুক্তিপূর্ণ

———————